যায়যায়দিন

তারিখ 12 MAY 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

# রাবির ৯৪ শিক্ষক চাকরিচ্যুত

রাবি সংবাদদাতা

শিক্ষা ছুটি শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ৯৪ শিক্ষককে চাকরিচ্যুত করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। আর ছুটি শেষ হওয়ার পরও যারা চাকরিতে যোগদান করছেন না বা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করছেন না তাদের নিয়ে বিপাকে পড়েছেন গ্যারান্টররা।

শিক্ষা মন্ত্রণালয়ের নিয়মানুযায়ী পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগের ২০ শতাংশের বেশি শিক্ষক বিদেশ গমনের ছুটি পাবেন না। কিন্তু রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগের প্রায় ৪০ থেকে ৫০ শতাংশ শিক্ষক মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞা উপেক্ষা করে বিদেশে অবস্থান করছেন। ব্যাপক যাচাই-বাছাইয়ের পর ৯৪ শিক্ষককে চাকরিচ্যুত করেছে কর্তৃপক্ষ। আর যাদের ছুটি শেষ হয়েছে অথচ এখনো যোগদান করেননি বা কর্তৃপক্ষকে অবহিত করেননি তাদের নিয়ে বেশ ঝামেলায় আছেন গ্যারান্টররা। কারণ গ্যারান্টরদের চাপ দেয়া হচ্ছে।

বিদেশ গমনে সবচেয়ে বেশি সুযোগ দেয়া হয়েছে বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষকদের। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষকদের বিদেশে অবস্থানের হার সবচেয়ে বেশি। বিশ্ববিদ্যালয়ের মোট ৪৭টি বিভাগে কর্মরত ৯৮৫ শিক্ষকের মধ্যে ১৯১ জনকে বিদেশ গমনের অনুমতি দেয়া হয়েছে।

সামনের দিনগুলোতে এ শিক্ষা ছুটির ক্ষেত্রে সরকার কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নতুন কোনো নীতিমালা জারি করবে কি না সে ব্যাপারে সোমবার রাবি রেজিস্ট্রার প্রফেসর এম এ বারীর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, এ বিষয়ে অবশ্যই ব্যবস্থা নেয়া হচ্ছে। সংশ্লিষ্ট গ্যারান্টরদের চাপ দেয়া হচ্ছে।